

ইদনিক ইতিহাস

১-১৭ '২০০০

রাজশাহী শিক্ষা বোর্ডের

অধঃত কেন্দ্র

নকলপ্রবণ

চলনবিলা সংবাদদাতা ॥ অন্যান্য অঞ্চল অপেক্ষা রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে কেন্দ্রসমূহে নকলের সুযোগ-সুবিধা বাড়িয়া যাওয়ায় পরীক্ষার্থীর সংখ্যাও বৃদ্ধি পাইতেছে। বিভিন্ন অঞ্চল ও শহরের ফেল করা ছাত্র, মাস্তান, ব্যবসায়ী, গৃহবধূরা রাজশাহী বোর্ডের কেন্দ্রভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইয়া পরীক্ষায় অংশ লওয়ার কারণেই পরীক্ষায় নকলের প্রবণতা বাড়িতেছে।

(১৩শ পঃ ৪-এর কঃ দ্রঃ)

রাজশাহী শিক্ষা বোর্ডের

(৩য় পঃ পর)

গত এস,এস,সি পরীক্ষাতেও এই বোর্ডের কের্ডসংখ্যক পরীক্ষার্থী পরীক্ষা দেয়। জানা যায়, রাজশাহী বোর্ডের বেশ কিছু কেন্দ্র রহিয়াছে প্রত্যন্ত অঞ্চলে। অনেক উপজেলা সদরও রহিয়াছে জাহা শহর হইতে বিচ্ছিন্ন। কিছুসংখ্যক প্রভাবশালী নেতৃত্ব সত্তা জনপ্রিয়তা অর্জনের লক্ষ্যে নকল করার ব্যাপারে সহযোগিতা করিয়া থাকে। পরীক্ষার্থীগণ মৌসুমী পাখীর মতই ফরম পূরণের সময় এবং পরীক্ষার সময় এসকল কলেজে আসিয়া হাজির হয়। কলেজের মুখচেনা ব্যক্তি ছাড়া অন্য কোন শিক্ষকের সঙ্গে তাহাদের কোন প্রকার চেনা-জানা থাকে না। এ সকল ছাত্র-ছাত্রী নকলের সুবিধা পাওয়ার আশাতেই ফরম ফিলআপ করে এবং পরীক্ষার সময় প্রভাবশালী লোকজন ও অসাধু কিছু শিক্ষকদের সহযোগিতায় ইচ্ছামত নকল করে। এই ধরনের নকল প্রধান কেন্দ্রগুলির মধ্যে রহিয়াছে সলঙ্গা, জামতৈল, সাতবাড়ীয়া, তাড়াশ, লক্ষ্মীযোগ, চান্দাইকোনা, সুজানগর, সাখিয়া, আটঘরিয়া, রুহিয়া, সালন্দর, গড়েয়া, তালগাছী, রানীসংকটইল, খানশামা, সুন্দরগঞ্জ, তারাগঞ্জ, মহিগঞ্জ, মিঠাপুকুর, কিশোরীগঞ্জ, জলঢাকা, ডিমলা, বাজারহাট, বদরগঞ্জ, কেসিএ, দিনাজপুর আদর্শ, দাউদপুর, হাকিমপুর, শিবগঞ্জ, সোনাভালা, গাবতলী, মঙ্গলবাড়ী, শহীদ জিয়া কলেজ, কানাই, সাদুল্লাপুর, খুবজীপুর, গোবিন্দগঞ্জ, নলডাঙ্গা, উল্লাপাড়া ও চৌহালীসহ আরও কয়েকটি কেন্দ্র। গত এস,এস,সি পরীক্ষাতেও কতিপয় কেন্দ্রে নকল প্রতিরোধ করার চেষ্টা করা হইলেও অধিকাংশ কেন্দ্রেই ব্যাপক নকল হইয়া থাকে।

কুষ্টিয়া নকল প্রতিরোধের

বিষয়ে সেমিনার

কুষ্টিয়া সংবাদদাতা ॥ আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দুর্নীতি ও নকল প্রবণতা এবং পরিবেশ উন্নতকরণ শীর্ষক এক সেমিনার গত রবিবার কুষ্টিয়া সরকারী বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এই সেমিনারে বৃহত্তর কুষ্টিয়া জেলার কলেজসমূহের অধ্যক্ষ ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। কুষ্টিয়া জেলা প্রশাসক মোঃ ফখরুল ইসলামের সভাপতিত্বে এই সেমিনারের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড যশোরের চেয়ারম্যান ডঃ মোঃ মকবুল হোসেন। মূল বক্তব্য পাঠ করেন ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ বদিউল আলম। বক্তব্য রাখেন প্রফেসর আবু তাহের সাংসদ আইয়ুব। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রেসক্লাবের সভাপতি এম, রাজ্জাক, ইসলামিয়া কলেজের অধ্যক্ষ নাজমুল সালেহীন, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ এম, এ কাশেম প্রমুখ।